## পঞ্চম অধ্যায়

# আদর্শ জীবন চরিত



### শিৰার্থীরা যা জানবে–

- বিশ্বনবি হযরত মুহাম্মদ (স.)–এর জীবনী ও জীবনাদর্শ
- হযরত আবু বকর (রা.)–এর জীবনাদর্শ
- হযরত উমর ফারুক (রা.)–এর জীবনাদর্শ
- হযরত খাদিজা (রা.)–এর জীবনাদর্শ
- হযরত ইমাম আবু হানিফা (র.)–এর জীবনাদর্শ
- হযরত আব্দুল কাদের জিলানী (র.)–এর জীবনাদর্শ

### ভূমিকা

পৃথিবীতে এমন অনেক মহৎ ব্যক্তির আবির্ভাব ঘটেছে যাদের জীবন চরিত অন্যের জন্য আদর্শ। আদর্শ জীবন বলতে বুঝি, যে জীবন অনুসরণ করলে মানুষের জীবন সুন্দর ও সুগঠিত হয়। আমাদের প্রিয়নবি হযরত মুহাম্মদ (স.) সর্বকালের মানুষের জন্য শ্রেষ্ঠ আদর্শ। ইসলামে এরকম অনেক মনীষীই রয়েছেন– যেমন : হযরত আবু বকর (রা.), হযরত উমর ফারবক (রা.), হযরত খাদিজা (রা.), হযরত ইমাম আবু হানিফা (র.), হযরত আব্দুল কাদের জিলানী (র.) প্রভৃতি। সুতরাং, বাস্তবজীবনে এসব মনীষীর সমাজ সেবামূলক কাজ, অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি, আত্মত্যাগ, ৰমা, পরমতসহিষ্ণুতা ও দেশপ্রেমসহ অন্যান্য গুণ অনুসরণ ও অনুকরণ করলে সুন্দর, সুশৃংখল ও সফল জীবন লাভ করা যায়।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ শূন্যস্থান পূরণ কর

১. হযরত মুহাম্মদ (স.) —— খ্রিস্টাব্দে জন্মলাভ করেন।

২. পুরবষদের মধ্যে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন ——।

৩. হযরত উমর (রা.) —— খ্রিস্টাব্দে খলিফা নির্বাচিত হন।

৪. হযরত খাদিজা (রা.)–এর উপাধি ছিল ——।

৫. —— অল্প বয়সেই পবিত্র কুরআনের হাফিয হন।

**উত্তর** ১. ৫৭০; ২. হযরত আবু বকর (রা.); ৩. ৬৩৪; ৪. তাহিরা; ৫. ইমাম আবু হানিফা (র.)।

### ■ বাম পাশ থেকে শব্দ বা বাক্যাংশ নিয়ে ডান পাশের সাথে মিল কর

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ১. নারীদের কোনো সামাজিক | শান্তির কথা ভাবতেন। |
| ২. মনিবরা ক্রীতদাসদের প্রতি অমানুষিক | নির্যাতন চালাত। |
| ৩. হযরত মুহাম্মদ (স.) সকল জীব–জন্তুর | অধিকার ছিল না। |
| ৪. জাতি একটি ভয়াবহ যুদ্ধ হতে | বেঁচে গেল। |
| ৫. হযরত মুহাম্মদ (স.) শৈশবকাল হতেই মানুষের | উপকারী বন্ধু ছিলেন। |

**উত্তর :**

১. নারীদের কোনো সামাজিক **অধিকার ছিল না।**

২. মনিবরা ক্রীতদাসদের প্রতি অমানুষিক **নির্যাতন চালাত।**

৩. হযরত মুহাম্মদ (স.) সকল জীব–জন্তুর **উপকারী বন্ধু ছিলেন।**

৪. জাতি একটি ভয়াবহ যুদ্ধ হতে **বেঁচে গেল।**

৫. হযরত মুহাম্মদ (স.) শৈশবকাল হতেই মানুষের **শান্তির কথা ভাবতেন।**

### ■ সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ আদর্শ জীবন চরিতের বৈশিষ্ট্য কী?**

**উত্তর :** আদর্শ জীবন বলতে বোঝায়, যে জীবন অনুসরণ করলে মানুষের জীবন সুন্দর ও সুগঠিত হয়। জীবন চরিতের বৈশিষ্ট্যগুলো হলো : সমাজসেবামূলক কাজ, আত্মত্যাগ, ক্ষমা, ভ্রাতৃত্ববোধ, সহমর্মিতা, পরমতসহিষ্ণুতা, সৌহার্দ্য, বিশ্বস্ততা, মানবিকতা, অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি, ন্যায়বিচার, দানশীলতা, পরোপকারিতা, দেশপ্রেম ও সুশাসন প্রতিষ্ঠা ইত্যাদি।

**প্রশ্ন ॥ ২ ॥ হযরত মুহাম্মদ (স.)–এর জন্মলগ্নে আরবের সামাজিক অবস্থার সংৰেপে বর্ণনা দাও।**

**উত্তর :** হযরত মুহাম্মদ (স.)–এর জন্মের সময় আরবের সামাজিক অবস্থা ছিল ভয়াবহ ও জঘন্য। আরবের লোকেরা ছিল নানা পাপে লিপ্ত। মারামারি, কাটাকাটি, ঝগড়া–বিবাদ, চুরি, ডাকাতি, হত্যা, লুণ্ঠন, দুর্নীতি ও অরাজকতা করে তাদের জীবন চলত। তারা এক আল্লাহর পরিবর্তে বিভিন্ন দেবদেবীর পূজা করত। নারীদের অবস্থা ছিল খুব করুণ। এমনকি সে সময়ে জীবন্ত মেয়ে শিশুকে গর্তে ফেলে মাটি চাপা দেওয়া হতো।

**প্রশ্ন ॥ ৩ ॥ হযরত আবু বকর (রা.)–এর সত্যবাদিতার সংৰিপ্ত পরিচয় দাও।**

**উত্তর :** হযরত আবু বকর (রা.) ছিলেন ইসলামের প্রথম খলিফা। তিনি ছিলেন স্বল্পভাষী, সাহসী, ধৈর্যশীল, বিচক্ষণ ও দূরদর্শী। তিনি কখনো মিথ্যা কথা বলতেন না। তিনি সত্য বলতেন এবং সর্বদা সত্যের পথে থাকতেন। মহানবি (স.)–এর প্রতি তাঁর অগাধ বিশ্বাস ও আস্থা ছিল। তিনি রাসুলের (স.) মুখে মিরাজের ঘটনা শোনামাত্র নিঃসন্দেহে তা বিশ্বাস করেন। এজন্য মহানবি (স.) তাঁকে সিদ্দিক উপাধিতে ভূষিত করেন।

### ■ বর্ণনামূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ শান্তি প্রতিষ্ঠায় মহানবি (স.)–এর ভূমিকা কী ছিল? বর্ণনা কর।**

**উত্তর :** হযরত মুহাম্মদ (স.)–এর আবির্ভাবের পূর্ববর্তী সময়কালে মানুষের মনে কোনো শান্তি ছিল না। ওকাজ মেলায় জুয়া খেলাকে কেন্দ্র করে ফিজার যুদ্ধ শুরু হয়। এ যুদ্ধ ৫ বছর চলে। এ যুদ্ধে অনেক লোকের প্রাণহানি ঘটে। মহানবি (স.) এটা দেখে খুব ব্যথিত হন। অবশেষে তিনি শান্তিকামী কয়েকজন যুবককে নিয়ে "হিলফুল ফুযুল" নামে একটি শান্তিসংঘ প্রতিষ্ঠা করেন। এর মাধ্যমে তিনি তৎকালীন

আরবে চলমান গোত্রে গোত্রে সংঘাত, মারামারি, হিংসা–বিদ্বেষ দূর করতে আপ্রাণ চেষ্টা করেন এবং সমাজে কিছুটা শান্তি ফিরে আসে। অন্যদিকে কুরাইশগণ বহুদিনের পুরাতন কাবা ঘর সংস্কারের কাজ হাতে নিল। কিন্তু পবিত্র হাজরে আসওয়াদকে স্থাপন করা নিয়ে তাদের মধ্যে ঝগড়ার সৃষ্টি হয়। এ সমস্যা থেকে জাতিকে উত্তরণের লক্ষ্যে হযরত মুহাম্মদ (স.) একখানা চাদর বিছিয়ে নিজ হাতে পাথরটি চাদরের মাঝখানে রাখলেন। তারপর সকল গোত্রের সরদারকে ডেকে চাদর ধরতে বললেন। সকলে মিলে চাদরটি বহন করে যথাস্থানে নিয়ে গেল। হযরত মুহাম্মদ (স.) নিজ হাতে পাথরখানা কাবার দেওয়ালে বসিয়ে দিলেন। ফলে জাতি একটি ভয়াবহ যুদ্ধ থেকে বেঁচে গেল। এভাবে মহানবি (স.) আরব সমাজে শান্তি প্রতিষ্ঠা করেন।

**প্রশ্ন ॥ ২ ॥ ন্যায়বিচার ও সুশাসন প্রতিষ্ঠায় হযরত উমর ফারুক (রা.)–এর ভূমিকা আলোচনা কর।**

**উত্তর :** হযরত উমর ফারুক (রা.) ছিলেন ইসলামের দ্বিতীয় খলিফা। তিনি রাজ্য শাসনে রাসুল (স.)–এর আদর্শ অনুসরণ করতেন। আইনের চোখে সকলকে সমানভাবে দেখতেন। তিনি এতটাই ন্যায়বিচারক ছিলেন যে, মদ্য পানের অপরাধে স্বীয়পুত্র আবু শাহমাকে শাস্তি দানে বিন্দুমাত্র দ্বিধা করেননি। অপরদিকে তিনি সাধারণ প্রজাদের অবস্থা জানার জন্য রাতের আঁধারে একাকী বের হয়ে পড়তেন। প্রয়োজনে তিনি নিজের কাঁধে করে খাদ্যসামগ্রী বহন করে গরিব–দুঃখী মানুষের মাঝে বিতরণ করতেন। তার শাসনামলে রাজ্যে কোনো অভাব–অনটন ছিল না। তাছাড়া জেরুজালেমে যাওয়ার পথে ভৃত্যকে উটের পিঠে চড়িয়ে নিজে উটের রশি ধরে একজন ন্যায়পরায়ণ শাসকের পরিচয় দিয়েছেন। ঐতিহাসিক হিট্টি বলেন– 'হযরত উমর (রা.)–এর সরলতা ও কর্তব্যজ্ঞান ছিল তাঁর জীবনাদর্শ, ন্যায়পরায়ণতা ও একনিষ্ঠতা ছিল তাঁর শাসনামলের মূলনীতি।'

**প্রশ্ন ॥ ৩ ॥ 'ফিকহশাস্ত্রে' হযরত ইমাম আবু হানিফা (র.)–এর অবদান আলোচনা কর।**

**উত্তর :** ইমাম আবু হানিফা (র.) ছিলেন বিশ্বের সর্বশ্রেষ্ঠ ফিকহশাস্ত্রবিদ এবং যুগশ্রেষ্ঠ আলেম। যাতে মানুষ সহজ ও সঠিকভাবে শরিয়তের বিষয়গুলো পালন করতে পারে সেজন্য তিনি শ্রেষ্ঠ ফিকহবিদদের সমন্বয়ে একটি 'ফিকহ সম্পাদনা পরিষদ' গঠন করেন। তাঁর সম্পাদিত প্রায় তিরাশি হাজার মাসআলা সংবলিত 'কুতুবে হানাফিয়্যা' রচিত হয়। ইমাম আবু হানিফা কুরআন, হাদিস, ইজমা ও কিয়াসের সমন্বয়ে যুক্তিভিত্তিক ও সহজসরল ফিকহ প্রণয়ন করেন। এ কারণে তাঁর ফিকহ মুসলমানদের নিকট অতি প্রিয়। ইমাম আবু ইউসুফ (র.), ইমাম মুহাম্মদ (র.), ইমাম যুফার (র.) ও প্রখ্যাত মুহাদ্দিস ইমাম ইবন মুবারক (র.) প্রমুখ তাঁর শিষ্য ছিলেন।

## ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. হযরত আব্দুল কাদের জিলানী (র.) কত হিজরি সনে জন্মগ্রহণ করেন?**
ক ৪৬০ ● ৪৭০ গ ৪৮০ ঘ ৪৯০

**২. ইমাম আবু হানিফা (র.)–এর জন্মস্থান কোথায়?**
ক বসরায় খ দামেস্কে ● কুফায় ঘ বাগদাদে

**৩. 'কুতুবে হানাফিয়া'–**
i. সহজ সরল ফিকহ
ii. ইমাম যুফার (র.) সম্পাদনা করেন
iii. তিরাশি হাজার মাসআলা সংবলিত ফিকহ
**কোনটি সঠিক?**
ক i খ ii গ i, ii ঘ i, ii ও iii
[ **নোট :** সঠিক উত্তর হবে i, iii ]

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও**

সিরাজ সাহেব তার দুষ্ট ছেলের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে তিনি তাকে কঠিন শাস্তি দেন।

**৪. সিরাজ সাহেবের কাজের মাধ্যমে কোন সাহাবির আদর্শ ফুটে উঠেছে?**
ক হযরত আবুবকর (রা) ● হযরত উমর (রা)
গ হযরত ওসমান (রা) ঘ হযরত আলী (রা)

**৫. সিরাজ সাহেবের আখলাকে হামিদার কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
● ন্যায়পরায়ণতা খ কর্তব্যপরায়ণতা গ সততা ঘ নিয়মানুবর্তিতা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬, ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**

রূপনগর গ্রামে প্রভাব বিস্তার নিয়ে জসিম ও সিরাজ গ্রুপের মধ্যে সংঘাত লেগেই থাকে। এক পর্যায়ে খালেদ নামক এক তরুণ প্রহৃত হয়। এ দৃশ্য দেখে শান্তিপ্রিয় তরুণ কামালের মাঝে চিন্তার উদ্রেক হয়। সে এলাকায় শান্তি–শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য কিছু তরুণকে সঙ্গে নিয়ে 'বিজয়' নামক একটি সংঘ প্রতিষ্ঠা করে।

**৬. নিচের কোনটির সঙ্গে কামালের সংঘের মিল রয়েছে?**
ক মক্কা বিজয় খ মদিনা সনদ
গ হোদায়বিয়ার সন্ধি ● হিলফুল ফুজুল

**৭. কামালের প্রচেষ্টার মাধ্যমে সমাজে মূলত–**
ক উন্নয়ন আসবে ● শান্তি প্রতিষ্ঠা হবে
গ বিজয় অর্জিত হবে ঘ শুভচেতনার উদয় হবে

**৮. কামাল এলাকার মানুষের কাছ থেকে পাবে–**
i. প্রশংসা ii. সম্পদ
iii. গ্রহণযোগ্যতা
**কোনটি সঠিক?**
ক i, ii ● i, iii গ ii, iii ঘ i, ii ও iii

## ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** হযরত মুহাম্মদ (স.) ও হযরত খাদিজা (রা.)–এর জীবনাদর্শ

সাঈদ সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। তিনি পবিত্র কুরআনের শিক্ষা প্রসারে এলাকায় একটি মক্তব প্রতিষ্ঠা করেন। তিনি এলাকার গরিব–দুঃখীদের অবস্থা চিন্তা করে একটি দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করেন। তার স্ত্রী আফরোজা স্বামীর কাজকর্মে মুগ্ধ হয়ে নিজের ব্যক্তিগত সমস্ত সম্পদ আল্লাহর সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে দাতব্য চিকিৎসালয়ে দান করে দেন।

ক. ইমাম আবু হানিফার পিতার নাম কী?
খ. হযরত উমর (রা.)–কে ফারুক বলা হয় কেন?
গ. পাঠ্যবইয়ে আলোচিত কোন মনীষীর আদর্শের সাথে সাঈদ সাহেবের কাজের মিল রয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. আফরোজার কার্যক্রম তোমার পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** ইমাম আবু হানিফা (র.)–এর পিতার নাম ছাবিত।

**খ** হযরত উমর (রা.) ছিলেন সত্য–মিথ্যার পার্থক্যকারী, তাই তাকে ফারুক বলা হয়। হযরত উমর (রা.)–এর ইসলাম গ্রহণ এক নতুন অধ্যায়ের সূচনা করে। ফলে কুফর ও ইসলামের মধ্যে প্রকাশ্য পার্থক্য সৃষ্টি হয়। তাই এ সময় মহানবি (স.) তাকে ফারুক উপাধিতে ভূষিত করেন।

**গ** মহানবি হযরত মুহাম্মদ (স.) এর আদর্শের সাথে সাঈদ সাহেবের কর্মকাণ্ডের মিল রয়েছে। হযরত মুহাম্মদ (স.) ছিলেন সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবি। তিনি ইসলাম প্রচারে নিজেকে বিলিয়ে দিয়েছিলেন। তিনি মানবতার কল্যাণে নিজের সম্পদ অকাতরে ব্যয় করতেন। উদ্দীপকে সাঈদ সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। তিনি পবিত্র কুরআনের শিক্ষা প্রসারে এলাকায় একটি মক্তব প্রতিষ্ঠা করেন। তিনি এলাকার গরিব–দুঃখীদের অবস্থা চিন্তা করে একটি দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করেন। এ গুণাবলি মূলত মহানবি হযরত মুহাম্মদ (স.)–এর আদর্শের অনুসরণ। তাই বলা যায়, রাসুল (স.)–এর আদর্শের সাথে সাঈদ সাহেবের কাজের মিল রয়েছে।

**ঘ** আফরোজার কার্যক্রম আমার পাঠ্যপুস্তকে বর্ণিত হযরত খাদিজা (রা.)–এর কার্যক্রমের সাথে অনেকটা মিল রয়েছে। আমরা জানি, হযরত খাদিজা (রা.) হযরত মুহাম্মদ (স.)–এর কর্ম ও আদর্শে মুগ্ধ হয়ে তাঁকেই স্বামীরূ পে গ্রহণের প্রস্তাব পেশ করেন। অতঃপর ইসলামের সেবায় তিনি তাঁর সকল সম্পদ দান করেন। তিনি ইসলাম প্রচারে হযরত মুহাম্মদ (স.) কে সাহস ও উৎসাহ প্রদান করতেন। উদ্দীপকের আফরোজা হযরত খাদিজা (রা.)–এর আদর্শ অনুসরণ করে তার স্বামীর কাজকর্মে মুগ্ধ হয়ে নিজের ব্যক্তিগত সমস্ত সম্পদ আলস্নাহর সন্তুষ্টি অর্জনের লৰ্যে দাতব্য চিকিৎসালয়ে দান করেন। তাঁর এ কাজ সত্যিই প্রশংসনীয় এবং এজন্য তিনি আখিরাতে সফলতা লাভ করবেন।

**প্রশ্ন– ২** হযরত উমর (রা.)-এর শাসনব্যবস্থা

জনাব আবু জাফর চৌধুরী ও জনাব আবুল কাসেম চৌধুরী পাশাপাশি দুই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। জনাব আবু জাফর চৌধুরী গভীর রাতে বের হয়ে জনসাধারণের অবস্থা পর্যবেৰণ করতেন। অপরপৰে জনাব আবুল কাসেম চৌধুরী দীনের কাজে তার অর্জিত সম্পদ অকাতরে বিলিয়ে দিতেন।

ক. হযরত মুহাম্মদ (স.)–এর দাদার নাম কী?
খ. মহানবি (স.) কে কেন 'আল–আমিন' বলা হয়?
গ. জনাব আবু জাফর চৌধুরীর কাজটি ইসলামের কোন খলিফার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।
ঘ. জনাব আবুল কাসেম চৌধুরীর চারিত্রিক বৈশিষ্ট্যটি আদর্শ জীবন চরিতের আলোকে বিশেস্নষণ কর।

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** হযরত মুহাম্মদ (স.)–এর দাদার নাম আব্দুল মুত্তালিব।

**খ** আল–আমিন শব্দের অর্থ হলো বিশ্বাসী। মহানবি (স.)–এর চারিত্রিক গুণাবলি, আমানতদারিতা, সত্যবাদিতা, ন্যায়নিষ্ঠা ও দায়িত্বশীলতার কারণে তৎকালীন আরবের লোকজন তাঁকে 'আল–আমিন' বা বিশ্বাসী উপাধি দিয়েছিল।

**গ** জনাব আবু জাফর চৌধুরীর কাজটি ইসলামের দ্বিতীয় খলিফা হযরত উমর (রা.)–এর কাজের সাথে সাদৃশ্যপূর্ণ। হযরত উমর (রা.) ছিলেন একজন আদর্শ শাসক। তিনি ন্যায়বিচার প্রতিষ্ঠায় যেমন ছিলেন কঠোর, তেমনি মানুষের দুঃখ–কষ্টে তিনি ছিলেন অতি কোমল। তিনি সাধারণ প্রজাদের অবস্থা জানার জন্য রাতের আঁধারে একাকী বের হয়ে পড়তেন। প্রয়োজনে তিনি নিজের কাঁধে খাদ্যসামগ্রী বহন করে গরিব–দুঃখী মানুষের মাঝে বিতরণ করতেন। উদ্দীপকের আবু জাফর চৌধুরী ইউনিয়ন পরিষদের একজন চেয়ারম্যান। তিনি ইসলামের দ্বিতীয় খলিফা হযরত উমর (রা.)–এর আদর্শ অনুসরণ করে তাঁর এলাকার জনসাধারণের অবস্থা পর্যবেৰণের জন্য গভীর রাতে বের হতেন।

**ঘ** উদ্দীপকের উলিস্নখিত চেয়ারম্যান জনাব আবুল কাসেম চৌধুরী চারিত্রিক বৈশিষ্ট্যের দিক থেকে আদর্শ জীবনচরিতের মধ্যে মুসলিম জাহানের প্রথম খলিফা হযরত আবু বকর (রা.) এর অনুসরণ করেন। ইসলামের সেবায় হযরত আবু বকর সিদ্দিক (রা.)–এর দান অতুলনীয়। তিনি ইসলামের জন্য তাঁর সর্বস্ব বিলিয়ে দিয়েছিলেন। মসজিদে নববি ও হযরত মুহাম্মদ (স.)–এর বাসগৃহ নির্মাণ এবং তাবুক অভিযানে তিনি অর্থ ব্যয় করেন। তিনি হযরত বেলাল (রা.)সহ অসংখ্য ক্রীতদাসকে ক্রয় করে স্বাধীন ও মুক্ত করে দেন। উদ্দীপকেও হযরত আবু বকর (রা.)–এর আদর্শ অনুসরণ করে চেয়ারম্যান আবুল কাসেম চৌধুরী দীনের কাজে তাঁর অর্জিত সম্পদ অকাতরে বিলিয়ে দিতেন।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ পাঠ-১ : হযরত মুহাম্মদ (স.) -এর জীবনাদর্শ**

➡ বোর্ড বই, পৃষ্ঠা ৯৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **মহানবি (স.)–এর জন্ম সন কোনটি?** (জ্ঞান)
ক ৫০০ খ ৫১০ ● ৫৭০ ঘ ৬২২

২. **মহানবি (স.)–কোথায় হিজরত করেন?** (জ্ঞান)
ক মক্কায় ● মদিনায় গ সিরিয়ায় ঘ ইরাকে

৩. **ওকাজ মেলায় জুয়াকে কেন্দ্র করে কোন যুদ্ধ হয়?** (জ্ঞান)
ক বদর ● ফিজার গ উহুদ ঘ খন্দক

৪. **হযরত মুহাম্মদ (স.)–এর পিতার নাম কী?** (জ্ঞান)
ক আবু লাহাব ● আব্দুলাহ্
গ আবু তালিব ঘ আব্দুল মুত্তালিব

৫. **হযরত মুহাম্মদ (স.) কত বছর বয়সে নবুয়ত লাভ করেন?**
[তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ক ১০ খ ২০ গ ৩০ ● ৪০

৬. **মহানবি (স.) কে আল–আমিন বলা হয় কেন?** (অনুধাবন)
● তিনি ছিলেন সত্যের মূর্ত প্রতীক খ তিনি ছিলেন দানশীল
গ তিনি ছিলেন বিচৰণ ঘ তিনি ছিলেন উদার

৭. **আরবের লোকেরা কন্যা সন্তানদের জীবন্ত কবর দিত কেন?** [মনিপুর উচ্চ বিদ্যালয়]
ক লুণ্ঠনের ভয়ে
● লজ্জা ও দরিদ্রতার ভয়ে
গ সামাজিক সম্মানের ভয়ে
ঘ কন্যাদের জন্য তাদের দরদ ছিল না

৮. **হারবন একজন ধর্ম প্রচারকের কথা বলেন যিনি ছয় বছর বয়সে মাকে হারান। হারবন কোন ধর্মপ্রচারকের কথা বলেন?** (প্রয়োগ)
● হযরত মুহাম্মদ (স.) খ হযরত মুসা (আ.)
গ হযরত হারবন (আ.) ঘ হযরত ইবরাহিম (আ.)

৯. **জাহেলি যুগের ন্যায় করিম তার মেয়ে শিশুকে জীবন্ত কবর দেয়। এরূ প কাজের ফলে করিমের পরকালে কী হবে?** (উচ্চতর দৰতা)
● শাস্তি খ শান্তি
গ আরাম ঘ গুনাহ

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১০. **হযরত মুহাম্মদ (স.)–এর আগমনের পূর্বে আরবে ছিল–** (অনুধাবন)
i. ঝগড়া–বিবাদ
ii. চুরি–ডাকাতি
iii. হত্যা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
মানবজাতিকে হিদায়াত করার জন্য আলাহ্ তায়ালা একজন রাসুলকে পৃথিবীতে প্রেরণ করেন এবং তাঁকে নবুয়ত দেন। তাকে সবাই আল আমিন বলে ডাকত।

**১১. অনুচ্ছেদে কোন রাসুলের কথা বলা হয়েছে?** (প্রয়োগ)
● হযরত মুহাম্মদ (স.) ⓚ হযরত ইবরাহিম (আ.)
ⓖ হযরত মুসা (আ.) ⓘ হযরত ঈসা (আ.)

**১২. উক্ত রাসুলকে আল–আমিন বলে ডাকার কারণ–** (উচ্চতর দৰতা)
i. তিনি বিশ্বাসী ছিলেন বলে
ii. তিনি সত্যবাদী ছিলেন বলে
iii. তিনি ধনসম্পদওয়ালা ছিলেন বলে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## ➲ পাঠ-২ : হযরত আবু বকর (রা.)-এর জীবনাদর্শ

➠ বোর্ড বই, পৃষ্ঠা ১০১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩. হযরত আবু বকর (রা.)–এর পিতার নাম কী?** [খুলনা জিলা স্কুল]
ⓚ আব্দুলাহ্ ● ওসমান
ⓖ ইমাম আবু হানিফা ⓘ শওকত

**১৪. হযরত আবু বকর (রা.) কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
● ৫৭৩ ⓚ ৬৩০ ⓖ ৫৭২ ⓘ ৫৭৪

**১৫. হযরত আবু বকর (রা.)–এর মাতার নাম কী?** (জ্ঞান)
ⓚ হালিমা ⓚ মোমেনা ⓖ আমিনা ● সালমা

**১৬. ইয়ামামার যুদ্ধ শুরু হয় কখন?** [মনিপুর উচ্চ বিদ্যালয়]
ⓚ ৬৩২ খ্রিষ্টাব্দে ● ৬৩৩ খ্রিষ্টাব্দে
ⓖ ৬৩৪ খ্রিষ্টাব্দে ⓘ ৬৩০ খ্রিষ্টাব্দে

**১৭. হযরত আবু বকর (রা.) কে প্রথম খলিফা বলা হয় কেন?** (অনুধাবন)
● তিনি মহানবি (স.) এর ইন্তিকালের পর খলিফা হন
ⓚ তিনি উমর (রা.) এর ইন্তিকালের পর খলিফা হন
ⓖ তিনি উসমান (রা.) এর ইন্তিকালের পর খলিফা হন
ⓘ তিনি মুয়াবিয়া (রা.) এর ইন্তিকালের পর খলিফা হন

**১৮. হযরত আবু বকর (রা.) কে সিদ্দিক উপাধি দেওয়া হয় কেন?** (অনুধাবন)
ⓚ তিনি মহানবি (স.) এর সাথি ছিলেন
● তিনি মেরাজের ঘটনা অকপটে বিশ্বাস করেন
ⓖ তিনি প্রথম খলিফা হওয়ায়
ⓘ তিনি রিদ্দার যুদ্ধ করার কারণে

**১৯. কুরআন পাঠের সময় হযরত আবু বকর (রা.)–এর চোখ দিয়ে অশ্রব ঝরত কেন?** [খুলনা জিলা স্কুল]
ⓚ তার চোখে রোগ ছিল
ⓚ তার মাথা ব্যাথা হতো
ⓖ তার চোখ অন্ধ ছিল
● কুরআনের মহিমায় উজ্জীবিত হয়ে

**২০. মহানবি (স.)–এর ইন্তিকালের পর বিভিন্ন সমস্যাবলি হযরত আবু বকর (রা.) কঠোরহস্তে দমন করেন? এতে তার কী প্রকাশ পায়?** (প্রয়োগ)
ⓚ বদান্যতা ● বিচৰণতা
ⓖ অসারতা ⓘ নীতিহীনতা

**২১. হযরত আবু বকর (রা.) কঠোর হস্তে সমস্ত বিশৃঙ্খলা দূর করার ফলে ইসলামে কী আসে?** (উচ্চতর দৰতা)
● শান্তি ⓚ অশান্তি ⓖ বিশৃঙ্খলা ⓘ যুদ্ধ

**২২. হযরত আবু বকর (রা.) ইসলাম গ্রহণ করে তা প্রচারের কাজে আত্মনিয়োগ করেন। এর ফলে কী হয়?** (উচ্চতর দৰতা)
ⓚ তিনি টাকা উপার্জন করেন
● মানুষ দলে দলে ইসলামে প্রবেশ করে
ⓖ তিনি সুনাম অর্জন করেন
ⓘ তার প্রতিপত্তি বেড়ে যায়

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৩. হযরত আবু বকর (রা.)–এর উপাধি ছিল–** (উচ্চতর দৰতা)
i. সিদ্দিক
ii. আতিক
iii. জিলান
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**২৪. হযরত আবু বকর (রা) ছিলেন–** (উচ্চতর দৰতা)
i. সাহসী
ii. ধৈর্যশীল
iii. স্বল্পভাষী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
শাহিন সাহেব নম্র ও ভদ্র প্রকৃতির লোক। কুরআন পাঠের সময় তার দু'চোখ দিয়ে অশ্রব ঝরে।

**২৫. শাহিনের জীবন কার জীবনের প্রতিচ্ছবি?** (প্রয়োগ)
● হযরত আবু বকর (রা.) ⓚ হযরত উমর (রা.)–এর
ⓖ হযরত ওসমান (রা.) ⓘ হযরত আলী (রা.)–এর

**২৬. উক্ত মনীষীর অনুকরণের ফলে শাহিন –** (উচ্চতর দৰতা)
i. মর্যাদাবান ব্যক্তি হিসেবে পরিচিত হবেন
ii. ধৈর্যশীলতার গুণ অর্জিত হবে
iii. প্রভাবশালী নেতা হতে পারবেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ i ও iii ● i ও ii

## ➲ পাঠ-৩ : হযরত উমর ফারুক (রা.)-এর জীবনাদর্শ

➠ বোর্ড বই, পৃষ্ঠা ১০৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৭. হযরত উমর (রা.) কত খ্রিষ্টাব্দে খলিফা নির্বাচিত হন?** (জ্ঞান)
ⓚ ৬৩২ ● ৬৩৪ ⓖ ৬৭০ ⓘ ৬৮০

**২৮. হযরত মুহাম্মদ (স.) –এর নবুয়ত প্রাপ্তির সময় কুরাইশ বংশে কতজন ব্যক্তি লেখাপড়া জানতেন?** (জ্ঞান)
ⓚ ১৫ ⓚ ১৬ ● ১৭ ⓘ ১৮

**২৯. হযরত মুহাম্মদ (স.) কে হত্যার উদ্দেশ্যে কতটি উট পুরস্কার ঘোষণা করা হয়?** (জ্ঞান)
ⓚ ৮০ ● ১০০ ⓖ ১২০ ⓘ ১৫০

**৩০. যিনি অগ্নিশর্মা হয়ে বোনের বাড়ি গেলেন। তিনি কে?** (প্রয়োগ)
ⓚ হযরত আলী (রা.) ⓚ হযরত আবু বকর (রা.)
● হযরত উমর ফারবক (রা.) ⓘ হযরত সাবিত (রা.)

**৩১. হযরত উমর (রা.) মুসলিম জাহানের কততম খলিফা?** (জ্ঞান)
ⓚ প্রথম ● দ্বিতীয়
ⓖ তৃতীয় ⓘ চতুর্থ

**৩২. হযরত উমর (রা.) কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ⓚ ৫৮১ ⓚ ৫৮২ ● ৫৮৩ ⓘ ৫৮৪

**৩৩. উমর (রা.) বিচারব্যবস্থায় কেমন ছিলেন?** [চাপাইনবাবগঞ্জ স. বালিকা উ: বি:]
ⓚ কোমল ⓚ নমনীয় ● ন্যায়পরায়ণ ⓘ অন্যায়

**৩৪. হযরত উমর (রা.)–এর উপাধি কী ছিল?** [কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ⓚ সিদ্দিক ● ফারুক ⓖ গণি ⓘ আসাদুলাহ্

**৩৫. হযরত উমর (রা.) প্রাথমিক অবস্থায় ইসলামের বিপৰে অবস্থান নেন কেন?** (অনুধাবন)
● ইসলামের শত্রব হওয়ায় ⓚ টাকা না পাওয়ায়
ⓖ মাথা খারাপ হওয়ায় ⓘ মানুষের প্ররোচনায়

**৩৬. হযরত উমর (রা.) মহানবি (স.) কে হত্যার উদ্দেশ্যে গেলেন কেন?** (অনুধাবন)
ⓚ রাগ বেশি থাকায় ⓚ তার বিকৃত মস্তিষ্ক থাকায়

● পুরষ্কারের আশায় ঘ মানুষকে খুশি করতে

৩৭. **হযরত উমর (রা.) এর মন পরিবর্তন হলো কেন?** (অনুধাবন)

ক আশাহত হওয়ায় খ পরিবর্তন হওয়া স্বাভাবিক
গ মন পরিবর্তনশীল ● কুরআনের মহিমায়

৩৮. **সোহেল হযরত উমর (রা.)–এর অনুসরণ করার ফলস্বরূ প আখিরাতে কী পাবে?** (উচ্চতর দক্ষতা)

ক আরাফ ● জান্নাত গ জাহান্নাম ঘ হুর

৩৯. **হযরত উমর (রা.) ইসলাম গ্রহণ করার ফলাফল কী হয়েছিল?** (উচ্চতর দক্ষতা)

ক ইসলাম দুর্বল হয়েছিল খ মুসলমানগণ যিম্মি হয়েছিল
● ইসলামের শক্তি বেড়ে গিয়েছিল ঘ ইসলামের অনেক ক্ষতি হয়েছিল

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪০. **হযরত উমর (রা.) উন্মুক্ত তলোয়ার হাতে হত্যার উদ্দেশ্যে বের হওয়ার ফলে–** [নরসিংদী স. বালিকা উ: বি:]

i. মুসলমানগণ ভয় পায়
ii. সবাই হাসতে থাকে
iii. সবাই বাহবা দেয়

**নিচের কোনটি সঠিক?**

● i খ ii গ iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪১ ও ৪২ নং প্রশ্নের উত্তর দাও :**

X দেশের শাসক ছিলো আইমাদ। তিনি খুবই সহজসরল জীবনযাপন করতেন। স্বাভাবিক লোভ–লালসা ও জাঁকজমক তাকে স্পর্শ করেনি, তার মধ্যে কঠোরতা ও কোমলতার ব্যাপক সমন্বয় ঘটেছিল। [মোহাম্মদপুর উ: বালিকা বি:, ঢাকা]

৪১. X দেশের শাসক আইমাদ কোন খলিফার প্রতিচ্ছবি?

ক হযরত আবু বকর (রা.)–এর খ হযরত উসমান (রা.)–এর
● হযরত উমর (রা.)–এর ঘ হযরত আলী (রা.)–এর

৪২. **উক্ত অনুসরণীয় শাসককে স্পর্শ করতে পারেনি–**

i. লোভ–লালসা
ii. বিলাসিতা
iii. জাঁকজমক

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৪ : হযরত খাদিজা (রা.)-এর জীবনাদর্শ

➡ বোর্ড বই, পৃষ্ঠা ১০৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৩. **হযরত খাদিজা (রা.) কে ছিলেন?** (জ্ঞান)

● মহানবি (স.)–এর স্ত্রী খ মহানবি (স.)–এর মেয়ে
গ একজন বৃদ্ধা মহিলা ঘ একজন সাধারণ মহিলা

৪৪. **হযরত খাদিজা (রা.) কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)

● ৫৫৬ খ ৫৫৭ গ ৫৫৮ ঘ ৫৫৯

৪৫. **হযরত খাদিজা (রা.)–এর পিতার নাম কী ছিল?** (জ্ঞান)

ক আসাদ বিন ওয়ালিদ ● খোয়াইলিদ ইবনে আসাদ
গ আবু বকর ঘ আবু তালিব

৪৬. **হযরত খাদিজা (রা.) মহানবি (স.) কে বিবাহ করলেন কেন?** [বর্ণমালা আদর্শ উচ্চ বি: ও কলেজ, ঢাকা]

● মহানবি (স.) এর সততায় মুগ্ধ হয়ে
খ মহানবি (স.) এর চেহারা সুন্দর হওয়ায়
গ মহানবি (স.) কে তিনি ভালোবাসতেন
ঘ মহানবি (স.) এতিম হওয়ায়

৪৭. **হযরত খাদিজা (রা.) কেন প্রসিদ্ধ নারী হিসেবে অভিহিত হন?** (অনুধাবন)

● তিনি ইসলামের জন্য সম্পদ ব্যয় করেন
খ তিনি দয়ালু হওয়ায়
গ প্রথম ইসলাম গ্রহণকারী
ঘ ধনী হওয়ায়

৪৮. **হযরত খাদিজা (রা.) মহানবি (স.) কে তার ব্যবসার দায়িত্ব দিলেন কেন?** (অনুধাবন)

ক ভালোবাসতেন বলে খ সুন্দর ছিলেন বলে
● সততায় মুগ্ধ হয়ে ঘ এতিম হওয়ায়

৪৯. **হযরত খাদিজা (রা.) মহানবি (স.) কে ওয়ারাকা ইবনে নওফেলের কাছে নিয়ে যান কেন?** (অনুধাবন)

ক তাকে দাওয়াত দেয়ার জন্য
● হেরা গুহায় সংঘটিত ঘটনা জানার জন্য
গ বিদ্য শিক্ষার জন্য
ঘ ওয়ারাকা প্রভাবশালী ছিলেন

৫০. **লাবিদা তার স্বামীকে ভালোবাসেন। স্বামীর যাবতীয় কাজে তাকে সাহায্য করেন। স্বামীর অনুপস্থিতিতে তার জন্য ব্যাকুল থাকেন। লাবিদার জীবন কোন মহীয়সীর জীবনের সাথে মিলে যায়?** (প্রয়োগ)

ক মাদার তেরেসার খ আনন্দময়ীর
গ বেগম রোকেয়ার ● হযরত খাদিজা (রা.) এর

৫১. **মহানবি (স.) বলেছেন– আলরাহ খাদিজার চেয়ে কোনো উত্তম নারী আমাকে দেননি। এতে খাদিজার কী প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)

● শ্রেষ্ঠত্ব খ ভালোবাসা গ সহানুভূতি ঘ মমতা

৫২. **মায়মুনার বয়স চলিরশ বছর। সে তার পাশের গ্রামের পঁচিশ বছর বয়সী সাইফুলকে বিবাহ করে। তার সাথে কোন মহীয়সীর জীবনের সাদৃশ্য রয়েছে?** [মানিকগঞ্জ স. উ: বি:]

● হযরত খাদিজা (রা.) –এর খ হযরত আয়িশা (রা.) –এর
গ হযরত আসিয়া (আ.) –এর ঘ হযরত হাজেরা (আ.) –এর

৫৩. **খাদিজা (রা.)–এর গর্ভে হযরত মুহাম্মদ (স.)–এর কতজন কন্যা সন্তানের জন্ম হয়?** (প্রয়োগ)

● ৪ খ ৫ গ ৩ ঘ ২

৫৪. **হযরত খাদিজা (রা.) কোন মাসে পরলোকগমন করেন?** (প্রয়োগ)

● রমযান মাসে খ শাবান মাসে
গ যিলকদ মাসে ঘ যিলহজ মাসে

৫৫. **শিরিন প্রতিদিন দান সদকা করেন। নিয়মিত নামায পড়েন। তার সাথে কোন মহীয়সীর সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)

● হযরত খাদিজা (রা.) খ হযরত আসিয়া (রা.)
গ হযরত মায়মুনা (রা.) ঘ হযরত জুবাইদা (রা.)

৫৬. **মহানবি (স.) মর্মাহত হলেন কেন?** (অনুধাবন)

● মহানবি (স.) –এর পুত্রগণ ইন্তেকাল করায়
খ মহানবি (স.) –এর কন্যাগণ ইন্তেকাল করায়
গ মহানবি (স.) –এর চাচা ইন্তেকাল করায়
ঘ মহানবি (স.) –এর দাদা ইন্তেকাল করায়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৭. **হযরত খাদিজা (রা.)–এর গর্ভে জন্মগ্রহণকারী মহানবি (স.)–এর পুত্র সন্তানদের নাম ছিল–** (অনুধাবন)

i. কাছিম ii. আবদুলাহ
iii. জাহিদ

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫৮. **হযরত খাদিজা ছিলেন–** (অনুধাবন)

i. পূণ্যবতী
ii. আদর্শবান
iii. বিলাসী

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৯ ও ৬০ নং প্রশ্নের উত্তর দাও :**

সতীসাধ্বী রাবেয়া এতিম মামুনকে বিশটি উটের মোহরানা ধার্য করে বিবাহ করে। এ বিবাহ মামুনের চাচার সম্মতিতে অনুষ্ঠিত হয়। [অগ্রণী স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]

৫৯. **রাবেয়ার জীবন কোন মহীয়সীর জীবনের সাথে সাদৃশ্যপূর্ণ?**

● হযরত খাদিজা (রা.) খ হযরত আয়িশা (রা.)
গ হযরত উম্মে সালমা (রা.) ঘ হযরত মায়মুনা (রা.)

৬০. **রাবেয়া বজায় রেখেছেন—**
i. হযরত খাদিজা (রা.)–এর আদর্শ
ii. হযরত আয়িশা (রা.)–এর আদর্শ
iii. হযরত মায়মুনা (রা.)–এর আদর্শ
**নিচের কোনটি সঠিক?**
● i ⓖ ii ⓖ iii ⓘ i, ii ও iii

## ➲ পাঠ-৫ : হযরত ইমাম আবু হানিফা (র.)-এর জীবনাদর্শ

➡ বোর্ড বই, পৃষ্ঠা ১০৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬১. **ইমাম আবু হানিফা (র.) কত হিজরীতে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
● ৮০ ⓖ ৮১ ⓖ ৮২ ⓘ ৮৩

৬২. **ইমাম আবু হানিফা (র.)–এর আসল নাম কী?** (জ্ঞান)
ⓚ নেয়াজ ● নোমান ⓖ সিদ্দিক ⓘ ছাবিত

৬৩. **ইমাম আবু হানিফা (র.)–এর বাবার নাম কী?** (জ্ঞান)
● ছাবিত ⓖ আনাস ⓖ আব্দুলাহ ⓘ ফারুক

৬৪. **ইমাম আবু হানিফা (র.)–এর জন্ম কোথায়?** [ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ]
ⓚ ভারতে ⓖ আরবে
ⓖ আফগানিস্তানে ● ইরাকে

৬৫. **ইমাম আবু হানিফা (র.)–এর শ্রেষ্ঠ শিষ্য ছিলেন কত জন?** (জ্ঞান)
ⓚ ৩ ● ৪ ⓖ ৫ ⓘ ৬

৬৬. **ইমাম আবু হানিফা (র.) কত হিজরিতে মারা যান?** (জ্ঞান)
ⓚ ১৪৯ ● ১৫০ ⓖ ১৫১ ⓘ ১৫২

৬৭. **'কুতুবে হানাফিয়্যা' তে কত হাজার মাসআলা ছিল?** (জ্ঞান)
ⓚ ৮২ ● ৮৩ ⓖ ৮৪ ⓘ ৮৫

৬৮. **ইমাম আবু হানিফা (র.) বিখ্যাত ছিলেন কেন?** (অনুধাবন)
● ফিকহ শাস্ত্রের কারণে ⓖ হাদিস শাস্ত্রের কারণে
ⓖ মানতিক শাস্ত্রের কারণে ⓘ বালাগাত শাস্ত্রের কারণে

৬৯. **নাসির হোসেন মাসআলা মাসায়েলে ব্যুৎপত্তি অর্জন করতে চান। এ ৰেত্রে তিনি কাকে অনুসরণ করবেন?** (প্রয়োগ)
ⓚ ইমাম জয়নুল আবেদীন ● ইমাম আবু হানিফা
ⓖ ইমাম আবুল হোসেন ⓘ ইমাম শাহজাহান

৭০. **তালেব ইমাম আবু হানিফা (র.) কে অনুসরণ করার কারণে তার পরকালীন পরিণতি কী হবে?** (উচ্চতর দৰতা)
● জান্নাত লাভ করবে ⓖ জাহান্নাম লাভ করবে
ⓖ আরাম লাভ করবে ⓘ শাস্তির সম্মুখীন হবে

৭১. **চারটি মাযহাবের মধ্যে হানাফি মাযহাব সর্বশ্রেষ্ঠ। এর কারণ কী?** [আরসিসি আই পাবলিক স্কুল এন্ড কলেজ, রংপুর]
ⓚ এ মাযহাব নতুন ⓖ এ মাযহাব অতি প্রাচীন
ⓖ এ মাযহাবে লোক বেশি ● হানাফী মাযহাব সহজ–সরল

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭২. **হযরত ইমাম আবু হানিফা (র.) জ্ঞান অর্জন করেছিলেন—** (অনুধাবন)
i. হাদিস শাস্ত্রে
ii. ফার্সি সাহিত্যে
iii. ফিকহশাস্ত্রে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৭৩. **হযরত ইমাম আবু হানিফা (র.)–এর শিষ্য ছিলেন—** (অনুধাবন)
i. ইমাম আবু ইউসুফ (র.)
ii. ইমাম মুহাম্মদ (র.)
iii. ইমাম যুফার (র.)
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৪ ও ৭৫ নং প্রশ্নের উত্তর দাও :**

মাহবুবে এলাহী সরকারের দেওয়া সম্মানজনক প্রস্তাব প্রত্যাখ্যান করে দৈহিক নির্যাতনের শিকার হন এবং কারাবরণ করেন। অবশেষে সরকারের আদেশেই তাকে বিষ প্রয়োগে হত্যা করা হয়।

৭৪. **কোন মহান ব্যক্তির জীবনের সাথে মাহবুবে এলাহীর সাদৃশ্য রয়েছে?** (জ্ঞান)
ⓚ ইমাম আবু ইউসুফ (র.) ⓖ ইমাম মুহাম্মদ (র.)
ⓖ ইমাম যুফার (র.) ● ইমাম আবু হানিফা (র.)

৭৫. **উক্ত মনীষী মৃত্যুবরণ করে বজায় রেখেছেন—** (অনুধাবন)
i. সম্মান ii. দৃঢ়তা
iii. সততা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৬ : হযরত আব্দুল কাদের জিলানী (র.)-এর জীবনাদর্শ

➡ বোর্ড বই, পৃষ্ঠা ১০৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৬. **হযরত আব্দুল কাদের জিলানী (র.) কত হিজরিতে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
● ৪৭০ ⓖ ৪৭১ ⓖ ৪৭২ ⓘ ৪৭৩

৭৭. **আব্দুল কাদের জিলানী (র.) কোন দেশে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ⓚ ইরাক ● ইরান
ⓖ সৌদি আরব ⓘ ইয়ামেন

৭৮. **আব্দুল কাদের জিলানী (র.)–এর উপনাম কী?** [আরসিসি আই পাবলিক স্কুল এন্ড কলেজ, রংপুর]
● মুহিউদ্দীন ⓖ আব্দুলাহ
ⓖ আবু সালেহ ⓘ আবু বকর

৭৯. **আব্দুল কাদের জিলানী (র.)–এর মাজার কোথায় অবস্থিত?** (জ্ঞান)
● বাগদাদে ⓖ মদিনায়
ⓖ মক্কায় ⓘ ইরানে

৮০. **হযরত আব্দুল কাদের জিলানী (র.) কে জিলানী বলা হয় কেন?** (অনুধাবন)
● জিলানে তার জন্ম হওয়ায় ⓖ জিলান তার আসল নাম
ⓖ জিলান তার পিতার নাম ⓘ জিলান তার বংশের নাম

৮১. **হযরত আব্দুল কাদের জিলানী (র.) কে কুতুবে রাব্বানি বলা হয় কেন?** (অনুধাবন)
ⓚ তিনি অনেক কিতাব পড়তেন ● এটি তার উপাধি
ⓖ এটি তার জন্মস্থানের নাম ⓘ এটি তার তরিকার নাম

৮২. **হযরত আব্দুল কাদের জিলানী (র.) কে আওলাদে রাসুল বলা হয় কেন?** (অনুধাবন)
ⓚ তার অনেক আওলাদ ছিল ⓖ তার পিতার নাম আওলাদ মিয়া
● তিনি রাসুল (স.) এর বংশধর ⓘ তিনি আওলাদ বংশের

৮৩. **হযরত আব্দুল কাদের জিলানী (র.) বাগদাদ রওয়ানা দিলেন কেন?** (অনুধাবন)
ⓚ সফরের উদ্দেশে ⓖ চাকরির উদ্দেশে
ⓖ ব্যবসার উদ্দেশে ● শিৰার উদ্দেশে

৮৪. **হযরত আব্দুল কাদের জিলানী (র.) শিশুকালে দিনের বেলায় মাতৃদুগ্ধ পান করেননি কেন?** (অনুধাবন)
● রমযানের রোযা হওয়ায় ⓖ পেটে অসুখ ছিল
ⓖ ঘুমের কারণে ⓘ মা তাকে দুধ দেয়নি

৮৫. **জামি জন্মগ্রহণ করে দিনের বেলায় মায়ের দুধ পান করেননি। তার সাথে কোন মনীষীর সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
ⓚ হযরত আবু বকর (রা.)-এর ● হযরত আব্দুল কাদের জিলানী (র.)-এর
ⓖ হযরত আদম (আ.)-এর ⓘ হযরত নিজামুদ্দীন (র.)-এর

৮৬. **হযরত আব্দুল কাদের জিলানী (র.) বলেন—"আফসোস তোমার নিকট পুরোদিনের খাবার মজুদ আছে। অথচ তোমার প্রতিবেশী উপবাস থাকছে।" এতে তার কী প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
● মমতা ⓖ নিষ্ঠুরতা ⓖ অভিনয় ⓘ বিড়ম্বনা

৮৭. **ডাকাত সর্দারের কথায় হযরত আব্দুল কাদের জিলানী (র.) তার নিকট স্বর্ণ থাকার কথা অকপটে স্বীকার করেন। এর ফলে কী হয়েছিল?** (উচ্চতর দৰতা)
ⓚ ডাকাতরা স্বর্ণ নিয়ে গিয়েছিল
ⓖ ডাকাতরা তাকে ধমক দিয়েছিল
● ডাকাতরা ভালো হয়ে গিয়েছিল
ⓘ ডাকাতরা তাকে হত্যা করেছিল

৮৮. **ডাকাতদের ন্যায় আমরাও যদি অন্যায় অপরাধ ছেড়ে দিয়ে ভালো হয়ে যাই তাহলে আমাদের পরকালীন পরিণতি কীরূ প হবে?** (উচ্চতর দৰতা)
● সুখময় ⓚ স্বাভাবিক ⓖ গতিশীল ⓘ অশান্তিময়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮৯. **হযরত আব্দুল কাদের জিলানী (র.)–এর উপাধি ছিল–** (অনুধাবন)
i. জালালী ii. মুহিউদ্দীন
iii. কুতুবে রাব্বানি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯০ ও ৯১ নং প্রশ্নের উত্তর দাও :**

ক্লাসে শিক্ষক ছাত্রদের এমন একজন মহান সাধকের জীবনাদর্শ সম্পর্কে আলোচনা করলেন, যিনি ছিলেন সত্যবাদী, বুদ্ধিমান ও আখলাকে হামিদাহ সম্পন্ন মহামানব।

৯০. **শিৰক কোন মনীষীর জীবন আলোচনা করলেন?** (প্রয়োগ)
● আব্দুল কাদের জিলানী (র.) ⓚ ইবনুল আরাবী (র.)
ⓖ নিজামুদ্দীন (র.) ⓘ মহিউদ্দিন আযমী (র.)

৯১. **উক্ত জীবনাদর্শ অনুসরণ করার ফলে সুন্দর হবে–** (উচ্চতর দৰতা)
i. আখলাক
ii. জীবন
iii. আখিরাত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** হযরত মুহাম্মদ (স.)–এর জীবনাদর্শ

ইসলামপুর গ্রামে হোসাইন একটি দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেন। জন্মের ছয় মাস আগেই তার বাবা মারা যায়। এরপর হোসাইনের বয়স যখন ছয় বছর তখন তার মাও মারা যায়। এরপর এতিম হোসাইন তার দাদার কাছে বড় হতে থাকে। দিন দিন তার মধ্যে বিভিন্ন সৎ গুণাবলি পরিলক্ষিত হচ্ছে। [মোহাম্মদপুর উ: বালিকা বি: ঢাকা]

ক. 'হিলফুল ফুযুল' কী? ১
খ. মহানবি (স.) অত্যন্ত মর্মাহত হন কেন? ২
গ. কোন মনীষীর জীবনীর সাথে উদ্দীপকের হোসাইনের জীবনীর মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত মনীষীর গুণাবলি বিশ্বমানবতার জন্য আদর্শস্বরূ প? বিশেৱষণ কর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** মহানবি (স.) কর্তৃক গঠিত একটি শান্তিসংঘ।

**খ** হযরত খাদিজা (রা.)–এর গর্ভে মহানবি (স.)–এর তিন পুত্র যথা : কাছিম, আব্দুলৱাহ ও তাহির এবং চার কন্যা যথা : হযরত জয়নাব, রৰকাইয়া, উম্মে কুলসুম ও ফাতিমা (রা.) জন্মগ্রহণ করেন। কিন্তু পুত্রগণ শৈশবেই দুনিয়া হতে বিদায় নেন। এতে মহানবি (স.) অত্যন্ত মর্মাহত হন।

**গ** সর্বশ্রেষ্ঠ মানব হযরত মুহাম্মদ (স.)–এর জীবনীর সাথে উদ্দীপকে উলিৱখিত হোসাইনের জীবনীর মিল রয়েছে। মহানবি হযরত মুহাম্মদ (স.) এতিম ছিলেন। জন্মের পূর্বেই তাঁর পিতা আব্দুল্লাহ মারা গিয়েছিলেন এবং মাতা আমিনা তাঁর জন্মের ছয় বছরের মধ্যে মারা গিয়েছিলেন। এরপর তিনি দাদা আবদুল মুত্তালিবের কাছে বড় হয়েছিলেন। উদ্দীপকেও আমরা দেখতে পাই যে, হোসাইনের জন্মের ছয়মাস আগেই তার পিতা মারা যায়। ছয় বছর বয়সে তার মাতাও মারা যায়। এরপর তার দাদার নিকট বড় হতে থাকে। সুতরাং, মহানবি (স.) এর জীবনের সাথে উদ্দীপকের হোসাইনের জীবনের মিল রয়েছে।

**ঘ** আমি মনে করি, মহানবি (স.) এর গুণাবলি বিশ্বমানবতার জন্য আদর্শস্বরূ প। মহানবি (স.) ছিলেন সর্বোত্তম চরিত্রের অধিকারী একজন আদর্শ মহামানব। চারিত্রিক সকল ভালো গুণাগুণ তাঁর মধ্যে পরিলক্ষিত হয়। তিনি অহংকার, অপব্যয়, অর্থহীন ও অনৈতিক কথা থেকে নিজেকে মুক্ত রাখতেন অন্যের ব্যাথায় ব্যথিত হতেন। মানবতার কল্যাণে নিজের সম্পদ অকাতরে ব্যয় করতেন। তিনি ছিলেন সত্যবাদী। তাঁকে আপন–পর সবাই আল–আমিন (বিশ্বাসী) উপাধিতে ভূষিত করেন। এককথায় তিনি পৃথিবীর সকল প্রাণি ও জীবজন্তুর উপকারী বন্ধু ছিলেন। উদ্দীপকেও দেখা যায়, বড় হওয়ার সাথে সাথে হোসাইনের মধ্যে বিভিন্ন সৎ গুণাবলি পরিলক্ষিত হচ্ছে। মূলত তার এসব গুণাবলি মহানবি হযরত মুহাম্মদ (স.)–এর গুণাবলির প্রতিচ্ছবি মাত্র যা বিশ্ব মানবতার জন্য আদর্শস্বরূ প।

**প্রশ্ন– ২** হযরত আবু বকর সিদ্দিক (রা.)

মাহফুজ নিয়মিত ইসলামি মনীষীগণের জীবনচরিত অধ্যয়ন করে। আজ সে এমন একজন মনীষীর জীবনচরিত নিয়ে অধ্যয়ন করে যিনি পুরৰষদের মধ্যে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেছিলেন। ব্যক্তিগত জীবনে যিনি ছিলেন স্বল্পভাষী, সাহসী, ধৈর্যশীল, বিচৰণ ও দূরদর্শী। যিনি হযরত মুহাম্মদ (স.)–এর মদিনায় হিজরতের সাথি ছিলেন। খেলাফতের দায়িত্ব গ্রহণের পর তিনি ইসলামের ব্যাপক খেদমত করেন।

ক. ইমাম আবু হানিফা (র.)–এর মাযহাবের নাম কী? ১
খ. মহানবি (স.) 'হিলফুল ফুযুল' গঠন করলেন কেন? ২
গ. মাহফুজ কোন মনীষীর জীবন চরিত নিয়ে অধ্যয়ন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত মনীষীর খেলাফত পরবর্তী অবদান মূল্যায়ন কর। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** ইমাম আবু হানিফা (র.)–এর মাযহাবের নাম হানাফি মাযহাব।

**খ** শান্তি প্রতিষ্ঠা করার জন্য মহানবি (স.) হিলফুল ফুযুল গঠন করলেন। ওকায মেলায় জুয়া খেলাকে কেন্দ্র করে ফিজার যুদ্ধ শুরৰ হয়। তা একটানা পাঁচ বছর চলতে থাকে। এতে অনেক লোকের প্রাণহানি ঘটে। মহানবি (স.) এসব হানাহানি ও রক্তারক্তি অবস্থা দেখে ব্যথিত হন। অবশেষে তিনি শান্তিকামী কয়েকজন যুবককে নিয়ে হিলফুল ফুযুল নামে একটি শান্তিসংঘ গঠন করেন।

**গ** মাহফুজ হযরত আবু বকর (রা.) এর জীবনচরিত নিয়ে অধ্যয়ন করেছেন। হযরত আবু বকর (রা.) ছিলেন স্বল্পভাষী, সাহসী, ধৈর্যশীল, বিচৰণ ও দূরদর্শী। সততা, ধর্মভিরৰতা ও বদান্যতার ৰেত্রে তিনি ছিলেন অদ্বিতীয়। দুঃখী ও আর্তের সেবায় তিনি নিজেকে উৎসর্গ করেন। তিনি ইসলামের জন্য তার সর্বস্ব বিলিয়ে দিয়েছিলেন। উদ্দীপকে মাহফুজ মূলত হযরত আবু বকর (রা.)–এর জীবনী অধ্যয়ন করে, যিনি প্রথম ইসলামগ্রহণকারী, স্বল্পভাষী, ধৈর্যশীল বিচৰণ ও দূরদর্শী এবং মহানবি (স.) এর সাথে হিজরতকারী। সুতরাং বলা যায়, মাহফুজ ইসলামের প্রথম খলিফা আবু বকর (রা.)–এর জীবনচরিত অধ্যয়ন করেছেন।

**ঘ** হযরত মুহাম্মদ (স.)–এর ওফাতের পর হযরত উমর (রা.) ও অন্য

সাহাবিগণ হযরত আবু বকর (রা.)–কে খলিফা নির্বাচনের ব্যাপারে পরামর্শ করে তাঁকে ৮ই জুন ৬৩২ খ্রিস্টাব্দে মুসলিম জাহানের প্রথম খলিফা নির্বাচিত করেন। রাসুল (স.)–এর ওফাতের পর মুসলমানদের মধ্যে বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়। এ সময় কিছু লোক নবি হওয়ার মিথ্যা দাবি করে, আবার কেউ কেউ যাকাত দিতে অস্বীকৃতি জানায়, কেউ কেউ ইসলাম ত্যাগ করে। হযরত আবু বকর সিদ্দিক (রা.) কঠোরভাবে সমস্ত বিশৃংখলা দূর করেন ও শান্তি স্থাপন করেন। তিনি কুরআন সংৰৰণ ও সংগ্রহ করার জন্য হযরত যায়েদ ইবনে ছাবিত (রা.)–কে নির্দেশ দেন।

**প্রশ্ন– ৩ ▸▸** হযরত উমর ফারবক (রা.)-এর ইসলাম গ্রহণ ও ন্যায়পরাণয়তা

সুকান্ত রায় একজন প্রভাবশালী ব্যক্তি। তিনি লোকমুখে শুনতে পান তার বোন কামিনি রায় ইসলাম ধর্ম গ্রহণ করেছে। এই কথা সুকান্ত শোনার পর ক্ষিপ্ত হয়ে কামিনির বাড়িতে যান। সেখানে গিয়ে দেখতে পান কামিনি একটি গ্রন্থ পড়ছেন। এতে সুকান্তের মাথা গরম হয়ে যায় সে তার বোনকে আঘাত করে। কিছুদিন পর সুকান্ত রায়ও ইসলাম ধর্ম গ্রহণ করে ন্যায়নিষ্ঠ শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করেন। [মানিকগঞ্জ স. উ: বি:]

ক. আল–আমিন শব্দের অর্থ কী? ১

খ. ইসলামের দ্বিতীয় খলিফা রাতের আঁধারে একাকি বের হতেন কেন? ২

গ. উদ্দীপকের সুকান্তের কাহিনি মুসলিম জাহানের কোন খলিফার কাহিনির সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ন্যায়পরায়ণতা ও একনিষ্ঠতা ছিল উক্ত খলিফার শাসনামলের মূলনীতি"। মন্তব্যের পৰে যুক্তি উপস্থাপন কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** আল–আমিন শব্দের অর্থ বিশ্বাসী।

**খ** ইসলামের দ্বিতীয় খলিফা হযরত উমর (রা.) খলিফা নির্বাচিত হওয়ার পর সাধারণ প্রজাদের অবস্থা জানার জন্য রাতের আঁধারে একাকি বের হয়ে পড়তেন। প্রয়োজনে নিজের কাঁধে খাদ্যসামগ্রী বহন করে গরিব দুঃখী মানুষের মাঝে বিতরণ করতেন।

**গ** উদ্দীপকের সুকান্ত রায়ের কাহিনিটি মুসলিম জাহানের দ্বিতীয় খলিফা হযরত উমর ফারুক (রা.)–এর ইসলাম গ্রহণের কাহিনির সাথে মিল রয়েছে। হযরত উমর ফারবক (রা.) ইসলাম গ্রহণের আগে মুহাম্মদ (স.) কে হত্যার উদ্দেশ্যে বের হন। পথে নঈম ইবন আব্দুলরাহর নিকট থেকে বোন ও ভগ্নিপতির ইসলাম গ্রহণের খবর শুনে অগ্নিশর্মা হয়ে বোনের বাড়ি গেলেন। তাঁর বোন ও ভগ্নিপতি তখন পবিত্র কুরআনের সূরা ত্বহা পাঠ করছিলেন। এতে তিনি ক্ষিপ্ত হয়ে তাঁদের ওপর আঘাত করতে থাকেন। উদ্দীপকে সুকান্তও অনুরূ প তার বোন কামিনিকে আঘাত করেন। হযরত উমর (রা.) তাঁদের বললেন, তোমরা কী পাঠ করছিলে তা আমাকে দেখাও। উত্তরে তাঁর বোন বলল, এটা পবিত্র গ্রন্থ, অপবিত্র অবস্থায় স্পর্শ করা যায় না। পরে তিনি পবিত্র হয়ে আসলে তাঁকে কুরআন মজিদ পড়তে দেওয়া হয়। তিনি তখন ইসলাম গ্রহণের উদ্দেশে রাসুল (স.)–এর নিকট যাওয়ার আগ্রহ প্রকাশ করেন এবং ইসলাম গ্রহণ করেন। উদ্দীপকের সুকান্তও পরবর্তীতে ইসলাম গ্রহণ করেন। সুতরাং উদ্দীপকের সুকান্তের কাহিনির সাথে মুসলিম জাহানের দ্বিতীয় খলিফার কাহিনির মিল রয়েছে।

**ঘ** "ন্যায়পরাণয়তা ও একনিষ্ঠতা ছিল উক্ত খলিফা তথা উমর (রা.)–এর শাসনামলের মূলনীতি।" মন্তব্যটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও যুক্তিসংগত।

রাজ্যশাসনে হযরত উমর (রা.) রাসুল (স.) এর আদর্শ অনুসরণ করতেন। ন্যায়বিচার প্রতিষ্ঠায় তিনি ছিলেন যেমন কঠোর তেমনি মানুষের দুঃখকষ্টে তিনি ছিলেন অতি কোমল। ইনসাফ প্রতিষ্ঠায় তিনি বায়তুল মাল থেকে প্রাপ্ত কাপড় সেই পরিমাণ গ্রহণ করতেন যে পরিমাণ সবার জন্য নির্ধারিত ছিল। তাছাড়া জেরবজালেমে যাওয়ার পথে ভৃত্যকে উটের পিঠে চড়িয়ে নিজে উটের রশি ধরার দৃষ্টান্ত একজন ন্যায়পরায়ণ ও একনিষ্ঠ শাসকের বিরল ঘটনা। উপরিউক্ত আলোচনায় প্রতীয়মান হয় যে, ন্যায়পরায়ণতা ও একনিষ্ঠতা ছিল 'হযরত উমর (রা.) এর শাসনামলের মূলনীতি"–উক্তিটি যথার্থ।

**প্রশ্ন– ৪ ▸▸** হযরত খাদিজা (রা.)

কামিল হোসেন একজন ধর্মপরায়ণ যুবক। তার বিয়ের জন্য পার্শ্ববর্তী গ্রামের সালমা খাতুনের প্রস্তাব আসে। সালমা খাতুন বয়সে কামিলের তুলনায় সাত বছরের বড় এবং তার প্রথম স্বামী মারা গেছে। সালমা খাতুনের প্রস্তাব কামিল সাদরে গ্রহণ করে এবং তাদের মধ্যে বিয়ে হয়। দুজনের বয়সের পার্থক্য থাকলেও তারা দাম্পত্য জীবনে খুবই সুখী হয়। সালমা তার স্বামী কামিলকে খুবই ভালোবাসে। স্বামীভক্ত সালমা কামিলকে সৎ কাজে উৎসাহ যোগায়।

ক. ফারবক শব্দের অর্থ কী? ১

খ. হযরত খাদিজা (রা.) মহানবি (স.) কে কীভাবে সান্ত্বনা দেন? ২

গ. উদ্দীপকের সালমা খাতুনের সাথে কোন মহীয়সীর জীবনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত মহীয়সীর চারিত্রিক গুণাবলি বিশ্বের নারীদের জন্য অনুকরণীয় আদর্শ? মতামত দাও। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** ফারবক শব্দের অর্থ সত্য–মিথ্যার পার্থক্যকারী।

**খ** হযরত খাদিজা (রা.) মহানবি (স.)–কে বিভিন্নভাবে সান্ত্বনা দেন। যেমন : হেরা গুহায় নবুয়ত প্রাপ্ত হয়ে মহানবি (স.) যখন ভীত–সন্ত্রস্ত হয়ে বাড়ি ফিরেছিলেন তখন হযরত খাদিজা (রা.) স্বীয় স্বামীর অবস্থা বুঝতে পেরে বুদ্ধিমত্তার সাথে তাঁকে এ বলে সান্ত্বনা দেন যে, 'ভীত হওয়ার কিছু নেই, আলরাহ আপনাকে অপদস্থ করবেন না, কেননা আপনি আত্মীয়দের সাথে সম্পর্ক বজায় রাখেন, দুস্থ অভাবীদের সাহায্য করেন, মেহমানদের আপ্যায়ন করেন এবং ৰতিগ্রস্তদের সাহায্য করেন।

**গ** উদ্দীপকের সালমা খাতুনের সাথে হযরত খাদিজা (রা.)–এর জীবনের মিল রয়েছে। হযরত খাদিজা (রা.) যুবক মুহাম্মদ (স.) এর অসাধারণ চরিত্রগুণে মুগ্ধ হয়ে তাঁর সাথে বৈবাহিক সম্পর্ক স্থাপনের প্রস্তাব করেন। হযরত মুহাম্মদ (স.)–এর বয়স ছিল তখন ২৫ বছর। আর খাদিজা (রা.)–এর বয়স ছিল ৪০ বছর। রাসুল (স.)–এর চাচা আবু তালিবের সম্মতিক্রমে বিশটি উটের মোহরের বিনিময়ে এ বিবাহ সম্পন্ন হয়। বয়সের পার্থক্য থাকলেও তাদের দাম্পত্য জীবন সুখের হয়েছিল। উদ্দীপকে ধর্মপরায়ণ যুবক কামিলকে পার্শ্ববর্তী গ্রামের সালমা বিয়ের প্রস্তাব দেয়। কামিল সে প্রস্তাব সাদরে গ্রহণ করে সালমাকে বিয়ে করে। সালমা কামিলের চেয়ে বয়সে বড় হলেও তাদের দাম্পত্য জীবন সুখের হয়। সুতরাং এ কথা নির্দ্বিধায় বলা যায় যে, উদ্দীপকের সালমার জীবন যেন হযরত খাদিজা (রা.) এর জীবনের প্রতিচ্ছবি।

**ঘ** আমি মনে করি, উক্ত মহীয়সী নারী হযরত খাদিজা (রা.)–এর চারিত্রিক গুণাবলি বিশ্বের নারীদের জন্য অনুকরণীয় আদর্শ। হযরত খাদিজা (রা.) জাহেলি যুগে জন্মগ্রহণ করেও সৎ চরিত্রের অধিকারিণী ছিলেন। তিনি ইসলাম প্রচারে হযরত মুহাম্মদ (স.) কে সাহস ও উৎসাহ প্রদান করতেন। ইসলামের খাতিরে তাঁর সকল সম্পদ দান করার কারণে

আলরাহ তার উপর সন্তুষ্ট ছিলেন। হযরত খাদিজা (রা.) এর স্বামীভক্তি ছিল অতুলনীয়। আবার হযরত মুহাম্মদ (স.) কখনো বিমর্ষ অবস্থায় বাড়ি ফিরলে হযরত খাদিজা (রা.) তাঁকে সহানুভূতির সাথে সান্ত্বনা দিতেন ও সাহস যোগাতেন। সুতরাং উপরিউক্ত আলোচনায় প্রতীয়মান হয় যে, উক্ত মহীয়সীর অর্থাৎ হযরত খাদিজা (রা.)–এর চারিত্রিক গুণাবলি বিশ্বের নারীদের জন্য অনুকরণীয় আদর্শ।

**প্রশ্ন– ৫** ▸▸ হযরত ইমাম আবু হানিফা (র.)

আব্দুল আলিম একজন উচ্চশিক্ষিত ব্যক্তি। তিনি কলেজে শিক্ষকতা করেন। আব্দুল আলিম অল্প বয়সেই পবিত্র কুরআনের হাফিয হন। জ্ঞান গরিমায় তার কোনো তুলনা হয় না। ছাত্রছাত্রীদের সুযোগ–সুবিধার প্রতি তিনি বিশেষ নজর দেন। [খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক. হানাফি মাযহাবের প্রতিষ্ঠাতা কে? ১
খ. ইমাম আবু হানিফা (র.) এর শৈশবকাল কেমন ছিল? ২
গ. উদ্দীপকের আব্দুল আলিমের আদর্শে ইসলামের কোন মনীষীর আদর্শের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইসলামে উক্ত মনীষীর অবদান অপরিসীম– মতামত দাও। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** হানাফি মাযহাবের প্রতিষ্ঠাতা হযরত ইমাম আবু হানিফা (র.)।

**খ** শৈশবকালেই ইমাম আবু হানিফা (র.) অসাধারণ মেধার অধিকারী ছিলেন। তিনি অল্প বয়সেই পবিত্র কুরআনের হাফিয হন। তিনি কুরআন, হাদিস ও ফিকহশাস্ত্রে গভীর জ্ঞান অর্জন করেন।

**গ** উদ্দীপকের আব্দুল আলিমের আদর্শে হযরত ইমাম আবু হানিফা (র.)–এর আদর্শের প্রতিফলন ঘটেছে। হযরত ইমাম আবু হানিফা (র.) অসাধারণ মেধার অধিকারী ছিলেন। তিনি অল্প বয়সেই পবিত্র কুরআনের হাফিয হন। তিনি কুরআন, হাদিস ও ফিকহশাস্ত্রে গভীর জ্ঞান অর্জন করেন। তার বহু ছাত্র পরবর্তীতে ইলম চর্চায় আত্মনিয়োগ করেন। উদ্দীপকে আব্দুল আলিমও অল্প বয়সেই পবিত্র কুরআনের হাফিয হন। তিনি ছিলেন অগাধ জ্ঞানের অধিকারী। কলেজের শিক্ষক হিসেবে ছাত্রছাত্রীদের সুযোগ সুবিধার প্রতি তিনি বিশেষ নজর দেন। সুতরাং আমরা বলতে পারি, আব্দুল আলিমের আদর্শে ইমাম আবু হানিফা (র.)–এর আদর্শের প্রতিফলন ঘটেছে।

**ঘ** ইসলামে উক্ত মনীষী তথা ইমাম আবু হানিফা (র.)–এর অবদান অপরিসীম এ বিষয়ে আমি একমত। ইমাম আবু হানিফা (র.) ছিলেন বিশ্বের সর্বশ্রেষ্ঠ ফিকহশাস্ত্রবিদ। মানুষ যাতে সহজ ও সঠিকভাবে শরিয়তের বিষয়গুলো পালন করতে পারে সেজন্য তিনি শ্রেষ্ঠ ফিকহবিদদের সমন্বয়ে একটি 'ফিকহ সম্পাদনা পরিষদ' গঠন করেন। তাঁর সম্পাদিত প্রায় তিরাশি হাজার মাসআলা সংবলিত 'কুতুবে হানাফিয়্যা' রচিত হয়। বর্তমানে আমরা তার ফিকহশাস্ত্রেরই অনুসারী। আমরা তার ফিকহশাস্ত্রের ওপর জ্ঞান লাভ করে মুসলিম হিসেবে সফল হতে পারি। সুন্দর জীবন গড়তে পারি। সুতরাং নিঃসন্দেহে ইসলামে ইমাম আবু হানিফা (র.) এর অবদান অপরিসীম।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৬** ▸▸ হযরত মুহাম্মদ (স.)

আমাদের নবি হযরত মুহাম্মদ (স.) জন্মের ছয় বছর পরে মাকে হারান। মাতৃগর্ভে থাকতে বাবাকেও হারিয়েছেন। বাল্যকালেই তিনি ইয়াতিম হন। শিশু বয়সে চারিত্রিক ভালো গুণগুলো তার মধ্যে পরিলক্ষিত হয়েছিল। যুবক বয়সে শান্তি প্রতিষ্ঠার জন্য "হিলফুল ফুযুল" প্রতিষ্ঠা করেন। সকলে তাকে "আল-আমিন" বা বিশ্বাসী বলে ডাকত।

[শহীদ পুলিশ স্মৃতি কলেজ, ঢাকা]

ক. হযরত মুহাম্মদ (স.)–এর মাতার নাম কী? ১
খ. হযরত মুহাম্মদ (স.)–এর জন্মের সময় আরবের সামাজিক অবস্থা কেমন ছিল? ২
গ. উদ্দীপকে উলিরখিত হযরত মুহাম্মদ (স.)–এর ডাক নামের কারণ বর্ণনা কর। ৩
ঘ. বর্তমানে সমাজে উদ্দীপকের সংগঠনের প্রয়োজনীয়তা কতটুকু? ব্যাখ্যা কর। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** হযরত মুহাম্মদ (স.)–এর মাতার নাম আমিনা।

**খ** হযরত মুহাম্মদ (স.)–এর জন্মের সময় আরবের সামাজিক অবস্থা ছিল ভয়াবহ ও জঘন্য। আরবরা নানা পাপে লিপ্ত ছিল। মারামারি, কাটাকাটি, ঝগড়া–বিবাদ, চুরি–ডাকাতি, হত্যা, লুণ্ঠন, দুর্নীতি ও অরাজকতা করে তাদের জীবন চলত।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** হযরত মুহাম্মদ (স.)–এর চারিত্রিক বৈশিষ্ট্য বর্ণনা কর।

**ঘ** শান্তি প্রতিষ্ঠায় মহানবি (স.)–এর অবদান আলোচনা কর।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ হযরত মুহাম্মদ (স.) কোথায় জন্মগ্রহণ করেন?**
**উত্তর :** হযরত মুহাম্মদ (স.) ৫৭০ খ্রিস্টাব্দে মক্কায় জন্মগ্রহণ করেন।

**প্রশ্ন ॥ ২ ॥ হযরত মুহাম্মদ (স.)–এর পিতার নাম কী?**
**উত্তর :** হযরত মুহাম্মদ (স.)–এর পিতার নাম আব্দুল্লাহ্।

**প্রশ্ন ॥ ৩ ॥ হযরত মুহাম্মদ (স.) কখন পরলোকগমন করেন?**
**উত্তর :** হযরত মুহাম্মদ (স.) ৬৩২ খ্রিস্টাব্দে মদিনায় পরলোকগমন করেন।

**প্রশ্ন ॥ ৪ ॥ মহানবি (স.)–এর হিজরতের সময় কে সঙ্গে ছিলেন?**
**উত্তর :** মহানবি (স.)–এর হিজরতের সময় হযরত আবু বকর (রা.) সঙ্গে ছিলেন।

**প্রশ্ন ॥ ৫ ॥ হযরত আব্দুল কাদের জিলানী (র.) কে ছিলেন?**
**উত্তর :** হযরত আব্দুল কাদের জিলানী (র.) যুগবরেণ্য শ্রেষ্ঠ ওলী ছিলেন। তিনি হযরত ইমাম হোসাইন (রা.)–এর বংশধর ছিলেন।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ প্রাক–ইসলামি যুগে আরবের অবস্থা কেমন ছিল?**
**উত্তর :** প্রাক–ইসলামি যুগে আরবের সামাজিক অবস্থা ছিল ভয়াবহ ও জঘন্য। তারা মারামারি, কাটাকাটি, ঝগড়া–বিবাদ, চুরি, ডাকাতি, হত্যা, লুণ্ঠন, দুর্নীতি ও অরাজকতায় লিপ্ত ছিল। তারা কন্যা সন্তানদের জীবন্ত কবর দিত।

**প্রশ্ন ॥ ২ ॥ হযরত আব্দুল কাদের জিলানী (র.) –এর শিক্ষাজীবন কেমন ছিল?**
**উত্তর :** হযরত আব্দুল কাদের জিলানী (র.) ছিলেন একজন মহান ওলি। তিনি বাল্যকাল হতেই শান্ত, নম্র, ভদ্র, চিন্তাশীল ও জ্ঞানানুরাগী ছিলেন। শৈশবে তিনি কুরআন মুখস্থ করেন। জিলানে প্রাথমিকশিক্ষা সমাপ্ত করার পর ১৮ বছর বয়সে উচ্চ শিক্ষা লাভের উদ্দেশে বাগদাদ

গমন করেন। নিজামিয়া মাদরাসায় তাফসির, হাদিস, ফিকহ, উসূল, ধর্মতত্ত্ব, তর্কশাস্ত্র, ইতিহাস ও দর্শনে উচ্চ শিক্ষালাভ করেন।